আজকের কাগজ

তারিখ ... ১৪. ৯. ৯১

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

123

# নয়টি ছাত্রসংগঠনের জোট গঠনের উদ্যোগ

**মোহসীন আব্বাসঃ** নয়টি প্রগতিশীল ছাত্রসংগঠনের জোট গঠনের উদ্যোগ প্রায় শেষ হয়েছে। জোটের ঘোষণাপত্রের খসড়াও ইতিমধ্যেই তৈরি হয়েছে বলে জানা গেছে। জোট ১৭ সেপ্টেম্বর আত্মপ্রকাশ করতে পারে। বৃহস্পতিবার রাতে বাংলাদেশ ছাত্র ফেডারেশনের সাধারণ সম্পাদক সৈয়দ জাহাঙ্গীরের বাসভবনে অনুষ্ঠিত বৈঠকে ছাত্রলীগ (না-শ), বাংলাদেশ ছাত্রইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বাংলাদেশ ছাত্রমৈত্রী, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (সা-সা) ও জাতীয় ছাত্রঐক্যের নেতারা জোটের ঘোষণাপত্রের খসড়া তৈরি করেন। এ বৈঠকে গণতান্ত্রিক ছাত্রঐক্য উপস্থিত থাকার কথা থাকলেও শেষ পর্যন্ত উপস্থিত হয়নি। আজ সকালে উল্লেখিত ছাত্র সংগঠনগুলোর নেতারা যৌথ ঘোষণাপত্র চূড়ান্ত করা ও কর্মসূচি ঠিক করতে আবার বৈঠকে বসতে পারে। জোটের নাম 'গণতান্ত্রিক ছাত্রঐক্য' এবং 'গণতান্ত্রিক ছাত্রজোট' রাখার জন্যে প্রস্তাব হয়েছে। তবে বেশিরভাগ সংগঠন 'গণতান্ত্রিক ছাত্রজোট' রাখার পক্ষে। ছাত্র ইউনিয়নের সভাপতি নাসির-উদ-দোজা জানিয়েছেন, ১৭ সেপ্টেম্বরের আগেই জোটের খসড়া ঘোষণাপত্রের চূড়ান্তকরণ ও কর্মসূচি নির্ধারণ শেষ হবে; এবং ১৭ সেপ্টেম্বর, শিক্ষাদিবসে সংবাদ সম্মেলনের মাধ্যমে এই নয়া 'ছাত্রজোট' আত্মপ্রকাশ করবে।

বৃহস্পতিবার রাতের বৈঠকে উপস্থিত ছিলেন, নাজমুল হক প্রধান, নাসির-উদ-দোজা, ফায়জুল হাকিম লালা, বেলাল চৌধুরী, সৈয়দ জাহাঙ্গীর, আতাউর রহমান মল্লিক প্রমুখ।